কালের কণ্ঠ

তারিখ . 20 MAR 2016 ....
পৃ. ...8... কলাম ..2.......

# চুয়েট ও কুয়েটে হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা

**টেক প্রতিদিন ডেস্ক ▷**

শুক্রবার চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) হয়ে গেল জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার আঞ্চলিক পর্ব। ষষ্ঠ থেকে দ্বাদশ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য আয়োজিত এ প্রতিযোগিতায় তথ্যপ্রযুক্তিভিত্তিক কুইজ ও প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম। তথ্যপ্রযুক্তি খাতে মেধাবীদের সংখ্যা বাড়াতে স্কুল পর্যায় থেকে নিয়মিত এ ধরনের আয়োজন করার ওপর জোর দেন তিনি। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল ও বাংলাদেশ ওপেনসোর্স নেটওয়ার্কের সাধারণ সম্পাদক মুনির হাসান। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) অনুষ্ঠিত প্রোগ্রামিং প্রতিযোগিতার উদ্বোধন করেন কুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর। এ সময় প্রোগ্রামিংয়ে শিক্ষার্থীদের আরো বেশি মনোযোগী হওয়ার আহ্বান জানান তিনি।